

## শ্রীশ্রীহরি সঙ্গীত

১১

- ১। কৰ্ম সূত্রে হরি হলে বাম, গুরু রাখলে রাখতে পারে  
যায় না পরিণাম।  
\* গুরু গৌসাই হলে বাম হরিচাঁদ রাখতে পারে না।।
- ২। গুরু বলতে দুটি অক্ষর হয়, গু বলিতে চিত্তগুহা তমঃ  
রাশিময়।  
রু বলিতে রবি উদয়, হ'লে আর আঁধার থাকে না।।
- ৩। গুরু কৃষ্ণ বিভেদ আত্মা হয়, তথাপি শ্রীগুরু মান্য  
রাখলেন দয়াময়।  
ও সে আপনি হরি চারযুগ ভরি, করলেন গুরুর উপাসনা।।
- ৪। জীবন যৌবন সঁপে গুরুর পায়, মৎস্যচক্র ভেদ করিল  
বীর ধনঞ্জয়।  
সময় জিনি দ্রৌপদী পায়, সহায় ছিল কেলোসোনা।।
- ৫। দয়াকরি তারকচন্দ্র কর, মন সঁপে দে অশ্বিনী তুই  
মহানন্দের পায়।  
তবে প্রেমানন্দ হবে উদয়, নিরানন্দ আর রবে না।।

### ১৪ নং তাল-কাওয়ালী

- ভব ব্যাধি সারবি যদি নামৌষধি কর গ্রহণ।  
আছে \*গুরুর কাছে নামৌষধি নিরবদি কর সেবন।।
- ১। সত্য ত্রেতা দ্বাপর গেল, নামৌষধি গোপন ছিল।  
কলিতে তাই বিলাহিল, যেমন রোগ ঔষধ তেমন।।
  - ২। শুন আমার অবোদ মন, নামৌষধির অনুপান।  
প্রেম মধুর রসায়ন, ভক্তি রস কর অর্পন।।
  - ৩। গুরু বৈদ্য ঘরে ঘরে, নামৌষধি বিতরণ করে।  
শ্রদ্ধায়ে পান করলে পরে, ভব রোগ হবে বারণ।।

---

\* গুরু-জগহ গুরু শ্রীশ্রীগুরুচাঁদ।